**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**31 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান এবং জলসেচ বিভাগের মন্ত্রী অশোক সিংহল আজ সকালে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিদর্শন করে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । এরপর মন্ত্রী শ্রী সিংহল দিশপুর ফিরে যাবেন ।

---

এদিকে বরাক উপত্যকা সফরের অংশ হিসেবে গতকাল বিকেলে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী অশোক সিংহল হাইলাকান্দির এস কে রায় সিভিল হাসপাতাল পরিদর্শন করে চিকিৎসক - নার্স ও রোগীদের সঙ্গে মত বিনিময় করেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রী সিংহল জানান যে এস কে রায় সিভিল হাসপাতালে অতিরিক্ত চিকিৎসক ও নার্স নিযুক্ত করা হবে ।

---

রাজ্যের স্বাস্থ্য ,পরিবার কল্যাণ ও জলসেঁচ মন্ত্রী অশোক সিংহল গতকাল শ্রীভূমি জেলা সফর করে স্বাস্থ্য পরিষেবার খোজ খবর নেন । মন্ত্রী শ্রীভূমি পৌঁছে করিমগঞ্জ সিভিল হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড পরিদর্শন করে রোগীদের সঙ্গে কথা বলেন এবং স্বাস্থ্য পরিষেবার খোঁজ খবর নেন । মন্ত্রী শ্রী সিংহল হাসপাতালের চিকিৎসা পরিকাঠামোয় ব্যবহৃত বিভিন্ন মেশিন ও ওষুধের মজুত সরজমিনে পরিদর্শন করেন । এরপর তিনি হাসপাতালের সম্মেলন কক্ষে স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত আয়ুক্ত , যুগ্ম সঞ্চালক , হাসপাতাল সুপার সহ অন্যান্য আধিকারীক ও চিকিৎসকদের সঙ্গে এক বৈঠকে

মিলিত হন । মন্ত্রী শ্রী সিংহল বেলা সাড়ে ১২টায় জেলা আয়ুক্তের সভাকক্ষে পশুপালন , পশু চিকিৎসা ও পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ,দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক সিদ্দেক আহমেদ , জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদ্বী সহ স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে যক্ষ্মা রোগ নিরাময় প্রতিরোধে বিশেষ করে চা বাগান এলাকায় পি এম টি বি এ’র নিক্ষয় মিত্র অভিযানের বর্তমান অবস্থান সম্পর্কে অবগত হয়েছেন ।

বৈঠকে মন্ত্রী শ্রী সিংহল গর্ভবতি মহিলা ও শিশু মৃত্যু প্রতিরোধে বিহিত ব্যবস্থা নেওয়া সহ এধরণের মৃত্যুর কারণ সম্পর্কে তৎক্ষণাৎ প্রতিবেদন জমা করার নির্দেশ দিয়েছেন । এধরণের মৃত্যু প্রতিরোধ করতে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব প্রদান করছে বলে উল্লেখ করে বিভাগীয় আধিকারীক ও কর্মীদের প্রতিটি হাসপাতাল নিয়মিত পরিদর্শন করতে নির্দেশ দেন । মন্ত্রী শ্রী সিংহল জাতীয় শিশু স্বাস্থ্য কার্যসূচীর অধীনে রক্তাল্পতায় ভোগা শিশুদের বিষয়ে গুরুত্ব সহকারে ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন । এছাড়া সভায় প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কার্যসূচীর বাস্তবায়ন , মোবাইল মেডিক্যাল ভ্যানের মাধ্যমে চিকিৎসা পরিষেবা প্রদান সর্ম্পকেও  খোঁজ খবর নেন । বৈঠকে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের আয়ুক্ত সচিব ডঃ পি অশোক বাবু , বিভাগের দ্বায়িত্ব প্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

## হাইলাকান্দি এস এস কলেজের নুতন অধ্যক্ষ পদে নিযুক্ত হয়েছেন ডঃ রতন কুমার ।  মিজোরামের কে এন কলেজের সহযোগী অধ্যাপক রতন কুমারকে হাইলাকান্দি এস এস কলেজের অধ্যক্ষ নিযুক্ত করা হয়েছে।

---

আসাম সরকার উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলায় মৌনী অমাবস্যার অমৃত স্নানে অংশ নিতে গিয়ে পদপিষ্ঠ হয়ে মৃত্যু হওয়া হাইলাকান্দি শহরের ব্যবসায়ী নীতি রঞ্জন পালের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছে এবং প্রয়াত পালের পরিবারকে ৫ লক্ষ টাকার আর্থিক ক্ষতিপূরণ প্রদান করার আশ্বাস দিয়েছে । এদিকে মহাকুম্ভ মেলায়  অংশ নিতে যাওয়া তিনশুকীয়া জেলার দুজন মহিলা এখনো সন্ধানহীন রয়েছেন বলে জানা গেছে ।

এদিকে নীতি রঞ্জন পালের শেষকৃত্য গতকাল প্রয়াগরাজে গঙ্গার ঘাঁটে সম্পন্ন করা হয়েছে।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আজ শিলচর বঙ্গভবনের সভাকক্ষে সদ্য প্রয়াত আইনজীবি ইমাদ উদ্দিন বুলবুল ও শিক্ষাবিদ জন্মজিৎ রায়ের স্মরনে একটি শোকসভার আয়োজন করা হয়েছে । শোকসভা বিকেল ৫টায় শুরু হবে ।

---

রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগের হাইলাকান্দি জেলা কার্য্যলয়ের কর্মী মোহিত কুমার নাথ গতকাল কর্মজীবন থেকে অবসর নিয়েছেন । শ্রীনাথ এর আগে শিলচর,হাফলং এবং শ্রীভূমি জেলায় দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন । জেলার তথ্য ও জনসংযোগ কার্য্যলয়ে কর্মী ও আধিকারীকদের পক্ষ থেকে মোহিত কুমার নাথকে বিদায় সংবর্ধনা জানানো হয়েছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী দোসরা ফেব্রুয়ারী শিলচর এন আই টি সংলগ্ন বারিকনগর ভিশন সেন্টারে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

শ্রীভূমি জেলা সৈনিক কল্যান আধিকারীক জানিয়েছেন যে প্রাক্তন সেনা কর্মী সঞ্চালকালয় থেকে অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের দ্বারা শ্রীভূমি জেলার গ্রাম ও শহরতলী এলাকায় কমন সার্ভিস সেন্টার স্থাপনের মাধ্যমে আত্ম-নির্ভর করে গড়ে তুলতে পঞ্চায়নের জন্য পরিকল্পনা গ্রহন করা হয়েছে । এ

বিষয়ে ইচ্ছুক অবসরপ্রাপ্ত সেনা কর্মীদের নাম শীঘ্রই ।সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে এসে জমা দিতে আহ্বান জানানো হয়েছে ।